অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম দুটি নিশ্চিত নভেল করোনাভাইরাসের প্রতি প্রতিক্রিয়ার রূপরেখা ব্যক্ত করেছেন

স্টেট হেলথ ডিপার্টমেন্ট (রাজ্য স্বাস্থ্য দপ্তর) ক্লিনিক্যাল গাইডেন্স ইস্যু করে স্বাস্থ্য পরিচর্যা সরবরাহকারীদের জন্য এবং হাসপাতাল, স্থানীয় স্বাস্থ্য বিভাগ, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা পেশাজীবীদের জন্য প্রস্তুতি সংক্রান্ত ওয়েবিনারের আয়োজন করে

যাত্রী স্ক্রিনিং প্রোটোকল নিয়ে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH), পোর্ট অথরিটি (Port Authority) এবং নিউইয়র্ক সিটি সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Center for Disease Control and Prevention, CDC)-র সাথে কাজ করছে

উপসর্গ ও প্রয়োজনীয় ভ্রমণের সাবধানতা সংক্রান্ত সচেতনতা বাড়াতে আন্তর্জাতিক বিমানবন্দরে সাইন প্রদর্শনের জন্য পোর্ট অথোরিটিকে নির্দেশ দেন গভর্নর

যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র দুটি নভেল করোনাভাইরাসের নিশ্চিত ঘটনা ঘোষণা করার পর, একটি ওয়াশিংটন রাজ্যে এবং আরেকটি শিকাগোতে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ চায়নাতে নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবের প্রতি প্রতিক্রিয়া হিসেবে সচেতনতা বৃদ্ধি এবং নিউ ইয়র্ক স্টেটকে প্রস্তুত করার জন্য বেশ কিছু পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন। রাজ্য স্বাস্থ্য দপ্তর বর্তমানে চারজন ব্যক্তিকে নভেল করোনাভাইরাসের জন্য তদন্তের আওতায় রেখেছে বিচ্ছিন্নভাবে, তাদের কেসগুলি CDC-তে পরীক্ষা চলাকালীন। এখন পর্যন্ত এর মধ্যে একটি কেস নেতিবাচক প্রমাণিত হয়েছে এবং তিনজন এখনও বিচারাধীন। নিউ ইয়র্কের জন্য ঝুঁকি আপাতত কম হলেও, নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা নিশ্চিত করার জন্য গভর্নর বর্ধিত সতর্কতা অবলম্বনের জন্য আহ্বান জানাচ্ছেন।

"আমরা মার্কিন যুক্তরাষ্ট্রে এই প্রথম নিশ্চিত নভেল করোভাইরাস এবং নিউ ইয়র্কে সম্ভাব্য প্রথম নিশ্চিত ঘটনা সম্পর্কে জানতে পারার পর, আমি নিউ ইয়র্কবাসীদের আশ্বস্ত করতে চাই যে আমরা প্রস্তুত," **গভর্নর কুওমো বলেন।** "আমরা স্বাস্থ্যসেবা প্রদানকারী, বিমানবন্দর এবং ফেডারাল স্বাস্থ্য কর্মকর্তাসহ সকল স্টেকহোল্ডারদের সাথে বিস্তৃত নাগালপ্রাপ্ত এবং কঠোর প্রচেষ্টা অবলম্বন করছি নিউ ইয়র্কবাসীদের নিরাপদে রাখার জন্য উপযুক্ত সাবধানতার ব্যবস্থা স্থাপন করার জন্য। এই ভাইরাসের লক্ষণগুলি অনেকটা সাধারণ ঠান্ডার মতোই - যদি আপনি উদ্বিগ্ন হন যে আপনি অসুস্থ হতে

পারেন, তাহলে দয়া করে নিজেকে এবং অন্যদের রক্ষা করার জন্য আমাদের নির্দেশনা অনুসরণ করুন।"

গত সপ্তাহে স্বাস্থ্য বিভাগ নির্দেশনা জারি করেন স্বাস্থ্যসেবা প্রদানকারী, স্বাস্থ্যসেবা ফেসিলিটি, ক্লিনিকাল ল্যাবরেটরিজ এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে এই প্রাদুর্ভাবের হালনাগাদ তথ্য প্রদানের জন্য, এবং যদি কোনো রোগী এমন উপসর্গ প্রদর্শন করেন যা নভেল করোনাভাইরাসের সাথে মেলে, যদি তার উহান, চায়না সফরের ইতিহাস থাকে, যদি তিনি কোনো ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন যার এই নভেল করোনাভাইরাসের জন্য তদন্ত চলছে, তার জন্য সঠিক প্রোটোকল স্থাপিত থাকে তা নিশ্চিত করা।

উপরন্তু, এই বিভাগ হাসপাতাল এবং স্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য এক ধারাবাহিক তথ্যমূলক ওয়েবিনার্সের আয়োজন করেছে। আজ এই বিভাগ কলেজ ও বিশ্ববিদ্যালয়ে – যার মধ্যে অনেকে আন্তর্জাতিক ছাত্রদের রাখেন – চিকিৎসা পেশাজীবীদের জন্য একটি ওয়েবিনারের আয়োজন করেন ভাইরাস, সংক্রমণ নিয়ন্ত্রণ সংক্রান্ত সুপারিশ এবং পরীক্ষার জন্য বর্তমান মানদণ্ড সম্পর্কে তথ্য প্রচার করার জন্য।

গত সপ্তাহের স্বাস্থ্য নির্দেশিকা চীনের উহান থেকে আসা যাত্রীদের জন্য জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে একটি CDC-র নেতৃত্বাধীন এয়ারপোর্ট এন্ট্রি স্ক্রিনিং প্রোগ্রামের সাথে একত্রে সূচিত হয়। চীনা কর্মকর্তারা তাদের আন্তর্জাতিক বিমানবন্দর সহ উহান এবং প্রদেশের অন্যান্য শহরে এবং তার বাইরে পরিবহন বন্ধ করেছেন। DOH, পোর্ট অথরিটি এবং নিউইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট CDC-র সাথে সহযোগিতামূলকভাবে কাজ করতে থাকবে তাদের ভ্রমণ স্ক্রিনিং প্রক্রিয়া বিবর্তিত হওয়ার সাথে সাথে। আজ অবধি JFK-তে CDC-র নেতৃত্বাধীন যাত্রী কর্মসূচির ফলে কোনো যাত্রীরই আর মূল্যায়নের প্রয়োজন হয়নি। সব আন্তর্জাতিক ভ্রমণের জন্য আরও সচেতনতা বাড়াতে গভর্নর কুওমো বন্দর কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন চারটি পোর্ট অথরিটি আন্তর্জাতিক বিমানবন্দরের প্রত্যেকটিতে তথ্যমূলক সংকেত পোস্ট করতে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "জনগণের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে ফেডারেল, স্টেট ও শহর স্তরে এই ভাইরাস সাবধানে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং সচেতনতা জরুরি হলেও নিউ ইয়র্কের বর্তমান ঝুঁকি কম। যারা সম্প্রতি বিদেশে ভ্রমণ করেছেন এবং এমন কিছু উপসর্গ প্রদর্শন করছেন যা ফ্লুয়ের অনুকরণ করে, তাদের উচিৎ ডাক্তার দেখানো। আমরা রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছি দৈনন্দিন আপডেট পেতে এবং সহায়তার জন্য প্রস্তুত আছি।"

এই নভেল করোভাইরাসের উপসর্গের অন্তর্ভুক্ত হতে পারে:

- নাক দিয়ে জল পড়া
- মাথাব্যথা
- কাশি

- গলা ব্যথা
- জ্বর
- অসুস্থ হওয়ার সাধারণ অনুভূতি।

CDC সুপারিশ করে যে সমস্ত মানুষ যেন চিনের উহানে সমস্ত অদরকারি ভ্রমণ এড়িয়ে যান, কিন্তু যারা এখনও উহান ভ্রমণের পরিকল্পনা করছেন এবং যারা সম্প্রতি ওই শহর থেকে ফিরে এসেছেন এবং উপরোক্ত উপসর্গগুলি হয়ত অনুভব করছেনতাদের জন্য নির্দিষ্ট তথ্য প্রদান করা হয়েছে। এই নভেল করোভাইরাসের জন্য বর্তমানে কোন টিকা না থাকলেও, প্রাত্যিহিক রক্ষণাত্মক পদক্ষেপ এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে, যার মধ্যে রয়েছে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।

যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি এই এলাকায় ভ্রমণ করেছেন, তাদের উচিৎ তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন